

# এসএসসি পরীক্ষার ফল প্রকাশ হতে পারে ১০ জুলাই

স্টাফ রিপোর্টার

প্রকাশিত: ২৩:৫৮, ৭ জুলাই ২০২৫; আপডেট: ২৩:৫৯, ৭ জুলাই ২০২৫



এসএসসি ও সমমান পরীক্ষার ফল আগামী ১০ জুলাই

চলতি বছরের এসএসসি ও সমমান পরীক্ষার ফল আগামী ১০ জুলাই প্রকাশ করা হতে পারে। শিক্ষা মন্ত্রণালয়ে এই দিনটি পরীক্ষার ফল প্রকাশের সম্ভাব্য তারিখ হিসেবে চেয়ে পাঠিয়েছে আন্তঃশিক্ষা বোর্ড। তবে এখনো শিক্ষা মন্ত্রণালয়ের সবুজ সংকেত মেলেনি। তবে আন্তঃশিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক কমিটির আহ্বায়ক অধ্যাপক এস এম কামাল উদ্দিন হায়দার জনকণ্ঠকে বলছেন, মন্ত্রণালয়ের সম্মতি পাওয়া গেলে এই দিনে ফল প্রকাশ করা হবে।

চলতি বছর এসএসসি পরীক্ষা শুরু হয়েছিল ১৫ ফেব্রুয়ারি এবং শেষ হয় ১৫ মে। প্রচলিত নিয়ম অনুযায়ী, পরীক্ষা শেষ হওয়ার ৬০ কর্মদিবসের মধ্যে ফল প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে। সে হিসেবে ১৫ জুলাইয়ের মধ্যেই ফল প্রকাশ করতে হবে বোর্ডকে।

শিক্ষা মন্ত্রণালয় সূত্র জানিয়েছে, সরকার প্রধানের সম্মতির ভিত্তিতে পাবলিক পরীক্ষার ফল প্রকাশের দিন নির্ধারণ করা হয়ে থাকে। মন্ত্রণালয় চূড়ান্ত তারিখ অনুমোদন করার পর তা আনুষ্ঠানিকভাবে জানানো হয়। সাধারণ শিক্ষা বোর্ডের এসএসসি, মাদ্রাসা বোর্ডের দাখিল ও কারিগরি শিক্ষা বোর্ডের এসএসসি (ভোকেশনাল) এই তিন ধারার ফলই একযোগে প্রকাশ করা হয়। তবে গতবছর থেকে এই প্রক্রিয়ায় পরিবর্তন এসেছে।

×

কেন্দ্রীয়ভাবে ফল প্রকাশের উৎসব না করে ওয়েবসাইট ও স্কুলগুলো থেকে ফল জানা যাবে। ফল প্রকাশের দিন সকাল ১০টা থেকে শিক্ষার্থীরা নিজ নিজ বোর্ডের ওয়েবসাইটে রোল ও রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ফল জানতে পারবে। এছাড়া নির্ধারিত ফরম্যাটে মোবাইল ফোনে এসএমএস পাঠিয়েও ফল জানা যাবে।

এবার এসএসসিতে মোট পরীক্ষার্থীর সংখ্যা ছিল প্রায় ১৮ লাখ ২৮ হাজার। এর মধ্যে ৯টি সাধারণ বোর্ডে পরীক্ষায় অংশ নেয় ১৪ লাখ ৯০ হাজার ১৪২ জন, মাদ্রাসায় ২ লাখ ৯৪ হাজার ৭২৬ জন এবং কারিগরিতে ১ লাখ ৪৩ হাজার ৩১৩ জন।

---